

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

প্রাপ্তিস্বীকার পত্রসহ রেজিস্ট্রি
ডাকযোগে প্রেরণ

নম্বর : ১০.০০.০০০০.১২৫.০৮/৫.০০২.১৪.২৪০

তারিখ : ২২ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
০৫ এপ্রিল ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ৩ (২) অনুযায়ী কর্মস্থলে বিনা অনুমতিতে অনুপস্থিত থাকায় ব্যাখ্যা তলব প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আপনি University of California, Berkeley-তে জে.এস.ডি কোর্স সম্পাদন শেষে গত ৩১/০৭/২০২০ তারিখ এ বিভাগে যোগদানের কথা থাকলেও কর্মস্থলে যোগদান করেননি। পরবর্তীতে কর্মস্থলে বিনা অনুমতিতে অনুপস্থিত থাকায় এ বিভাগের গত ৩০/০৬/২০২১ তারিখের ১০.০০.০০০০.১২৫.০৮/৫.০০২.১৪.২৬২ নম্বর স্মারক পত্রমূলে আপনাকে উক্ত পত্র জারির ১৫ (পনের) দিনের মধ্যে কর্মস্থলে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হয়। অন্যথায় আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে উল্লেখ করা হয়। কিন্তু আপনি এ বিভাগের নির্দেশনা মোতাবেক অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি।

০২। আপনি কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করে নির্ধারিত সময়ে কর্মস্থলে যোগদান না করে অনুমোদিত সময়ের অতিরিক্ত ৬০ দিন বা ততোধিক সময় কর্তৃপক্ষের পুনঃঅনুমতি ব্যতিরেকে বিদেশে অবস্থান করছেন, যা বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ২ (চ) ও ২ (ধ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'সার্ভিস ত্যাগ' সংক্রান্ত অপরাধের পর্যায়ভুক্ত।

০৩। এমতাবস্থায়, আপনাকে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ৩ (২) অনুযায়ী কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করে নির্ধারিত সময়ে কর্মস্থলে যোগদান না করে অনুমোদিত সময়ের অতিরিক্ত ৬০ দিন বা ততোধিক সময় কর্তৃপক্ষের পুনঃঅনুমতি ব্যতিরেকে বিদেশে অবস্থান করা সংক্রান্ত বিষয়ে পত্র প্রাপ্তির অনধিক ১৫ (পনেরো) দিনের মধ্যে লিখিত ব্যাখ্যা দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

স্বাঃ
(মোর্শেদ আল মামুন উইয়া)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৪৫৪৩১

জনাব মাহমুদুল হক

সিনিয়র সহকারী সচিব, আইন ও বিচার বিভাগ।

স্থায়ী ঠিকানা :

পিতা : মোঃ মঞ্জুরুল হক

গ্রাম : ভদ্রপাড়া, ডাকঘর : ধামশ্রেণী, থানা/উপজেলা : উলিপুর, জেলা : কুড়িগ্রাম।


Email : mahmudulhaque08@gmail.com

নম্বর : ১০.০০.০০০০.১২৫.০৮/৫.০০২.১৪.২৪০/১(৯)

তারিখ : ২২ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
০৫ এপ্রিল ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৫/বাজেট, আইন ও বিচার বিভাগ।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৫. চীফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, ৫ম তলা, কক্ষ নং ৫০৩, সেগুনবাগিচা, ঢাকা।
৬. হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]।
৮. গার্ড ফাইল।
৯. অফিস কপি।


(মোর্শেদ আল মামুন উইয়া)
সিনিয়র সহকারী সচিব